গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নিয়মাবলী

বিষয়: ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য (১) সরকারের অসামরিক খাতের ১১ হতে ২০ গ্রেডে কর্মরত সরকারি এবং তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'/'শিক্ষাসহায়তা', (২) সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র দরখাস্ত অনলাইনে দাখিল করার নিয়মাবলী।

--- শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে এবং আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবেনা –

1. ১১-২০ গ্রেডে কর্মরত সরকারি এবং তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মচারীর ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য **'শিক্ষাবৃত্তি/ 'শিক্ষাসহায়তা'** এবং সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২(দুই) সন্তানের জন্য **'শিক্ষাবৃত্তি'র** আবেদন করতে পারবেন;
2. ঢাকা মহানগরীতে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ঢাকা মহানগর ও অন্য বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে নিজ নিজ বিভাগীয় কার্যালয়ে অনলাইনে আবেদন করতে হবে;
3. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েব সাইট **(www.bkkb.gov.bd)** এর **"শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন"** লিংকটিতে ক্লিক করে অথবা ব্রাউজারের এড্রেস বারে **eservice.bkkb.gov.bd** টাইপ করে Enter চাপুন;
4. নতুন ব্যবহারকারী হলে প্রথমে হোম পেজ থেকে **"রেজিস্ট্রেশন"** বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন করুন এবং পূর্বে যারা **"রেজিস্ট্রেশন"** করেছেন, তারা মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রোফাইল তথ্য সংশোধনপূর্বক আবেদন করুন;
5. **রেজিস্ট্রেশন প্রক্রিয়া:**
   (ক) কর্মচারীর ধরণ **"কর্মরত"** এবং কর্মক্ষেত্রের ধরণ **"রাজস্বখাতভুক্ত" হলে** পে-ফিক্সেশনের ভেরিফিকেশন নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করুন **(১৭ ডিজিট অথবা স্মার্ট কার্ডের নম্বর)**;
   (খ) কর্মচারীর ধরণ **"কর্মরত"** এবং কর্মক্ষেত্রের ধরণ **"বোর্ড তালিকাভুক্ত" হলে** শুধু জাতীয় পরিচয়পত্র নম্বর **(১৭ ডিজিট অথবা স্মার্ট কার্ডের নম্বর)** দিয়ে রেজিস্ট্রেশন করুন;
   (গ) কর্মচারীর ধরণ **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** এবং কর্মক্ষেত্রের ধরণ **"রাজস্বখাতভুক্ত/ বোর্ড তালিকাভুক্ত" হলে** পে-ফিক্সেশনের ভেরিফিকেশন নম্বর (যদি থাকে তাহলে দিন) এবং জাতীয় পরিচয়পত্র নম্বর **(১৭ ডিজিট অথবা স্মার্ট কার্ডের নম্বর)** দিয়ে রেজিস্ট্রেশন করুন;
6. রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় **মোবাইল নম্বরসহ** অন্যান্য তথ্যাদি দিয়ে **"রেজিস্ট্রেশন করুন"** বাটনে ক্লিক করার পর আপনার মোবাইল নম্বরে **৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড** যাবে। এই কোড নম্বরটি দিয়ে **"যাচাই করুন"** বাটনে ক্লিক করলে **"অভিনন্দন, আপনার নিবন্ধন সফলভাবে সম্পূর্ন হয়েছে"** এই ম্যাসেজ টি দেখাবে। কোড প্রদানের সময়সীমা ১৫ মিনিট;
7. হোম পেজ থেকে **"লগইন"** বাটনে ক্লিক করে **মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড** দিয়ে লগইন করুন এবং ড্যাসবোর্ড এর **"আবেদনকারীর ছবি আপলোড করুন"** বাটনে ক্লিক করে ছবি আপলোড করুন;
8. **"শিক্ষাবৃত্তির আবেদন করতে এইখানে ক্লিক করুন"** এই লিংকটিতে ক্লিক করে **নির্দেশাবলী** অনুযায়ী পরবর্তী ধাপে আবেদন ফরম পূরণ করুন;
9. আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করে ছাত্র/ ছাত্রী **বিগত বাৎসরিক/ বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল যে পরীক্ষায় পাস করেছে তার মূল মার্কশীট এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক/ শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক কর্তৃক সত্যায়িত করে স্ক্যান কপি** আবেদনের সাথে সংযুক্ত করুন;
10. কর্মচারী অবসরপ্রাপ্ত হলে অবসর গ্রহণের আদেশের অথবা মৃত হলে মৃত্যু সনদের সত্যায়িত কপি সংযুক্ত করুন;
11. ফরম যথাযথভাবে পূরণ করে **"আবেদন সংরক্ষণ ও প্রিন্ট করুন"** বাটনে ক্লিক করে আবেদন সংরক্ষণ করে প্রিন্ট করুন;
12. আবেদন ফরম প্রিন্ট করার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল, কর্মচারীর স্বাক্ষর, কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল এবং স্মারক নং ও তারিখ দিয়ে পূর্ণাঙ্গ পূরণকৃত ফরমের স্ক্যান কপি **"সংযুক্তি"** ধাপে গিয়ে সংযুক্ত করে আবেদন **"চূড়ান্তভাবে দাখিল করুন"** বাটনে ক্লিক করে দাখিল করুন। আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে **আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি ক্ষুদেবার্তা** পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন;

13. স্বামী/স্ত্রী উভয়ই সরকারি চাকরিতে কর্মরত হলে কেবল একজনই সন্তানদের **‘শিক্ষাবৃত্তি’** /**‘শিক্ষাসহায়তা’** র জন্য আবেদন করতে পারবেন;

14. চাকরিরত, অনিয়মিত এবং বিবাহিত এরুপ ছাত্র/ ছাত্রীগণ এ **‘শিক্ষাবৃত্তি’** / **‘শিক্ষাসহায়তা’** লাভের যোগ্য নন;

15. ১১-২০ গ্রেডে কর্মরত সরকারি এবং তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মচারীর সন্তানদের **‘শিক্ষাবৃত্তি’**/ **‘শিক্ষাসহায়তা’** পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বাৎসরিক / বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ/ সিজিপিএ অর্জন করতে হবে:

শ্রেণি	‘শিক্ষাবৃত্তি’ পাওয়ার যোগ্যতা	‘শিক্ষাসহায়তা’ পাওয়ার যোগ্যতা
মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি)	জিপিএ ৫ অথবা গড়ে ৮০% নম্বর	জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর
উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ)	ঐ	ঐ
উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর)	সিজিপিএ ৩.৫ হতে ৪	নূন্যতম সিজিপিএ ২.৫

16. **সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গেডের অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীদের** সন্তানদের **‘শিক্ষাবৃত্তি’** পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বাৎসরিক/ বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ / সিজিপিএ অর্জন করতে হবে:

শ্রেণি	‘শিক্ষাবৃত্তি’ পাওয়ার যোগ্যতা
মাধ্যমিক (নবম – দশম শ্রেণি)	জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর
উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ)	ঐ
উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর)	নূন্যতম সিজিপিএ ২.৫

17. অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে যে কোন কারিগরি সহায়তার জন্য যোগাযোগ করুন **(১) মো: পমিরুল ইসলাম, সফটওয়্যার প্রকৌশলী, ০২-৯৮৮৪৮১৪ (২) বিল্লাল মিয়া, সহকারী প্রোগ্রামার, ০১৭৫৩-৬৯৩৯১২।** কারিগরি বিষয় ব্যতিত অন্য কোন তথ্য/সহযোগিতার জন্য যোগাযোগ করুন **(১) মোঃ আজমল হোসেন, উপপরিচালক (উন্নয়ন), ০২-৯৩৪৬৮৪৫ (২) মোঃ আবু হাসান, গবেষণা কর্মকর্তা, ০১৯২০-৮২২৯৩৬।**